

৫ বর্ষ ১ সংখ্যা ১৭ মে ২০০২/৪ জৈষ্ঠ্য ১৪০৯

সাপ্তাহিক ২০০০ পদার্পণ করছে পঞ্চম বর্ষে। প্রবীণদের পৃষ্ঠপোষকতা, এক বাঁক তরুণের পরিশ্রম ও মেধার সমন্বয়ে চার বছর পত্রিকাটি এগিয়ে চলেছে দ্রুতলায়ে। কখনো পিছু হটেনি। মূলত শৃঙ্খলমুক্ত সাংবাদিকদের প্রাটফরম হিসেবে আত্মপ্রকাশ ঘটছে সাপ্তাহিক ২০০০-এর। অতীতের মতো সত্যকে গোপন নয়, নিরপেক্ষতার নামে সত্য মিথ্যার মাঝখানে নয় বরং আমরা কঠিন সত্যকে দৃঢ়ভাবে উপস্থাপনা করেছি। এ কারণেই প্রচুদে এসেছে পুলিশি নির্যাতনে রুবেলের অমানবিক মৃত্যুর কথা, আদমজীর কোটিপতি শ্রমিক নেতা, আন্ডার ওয়ার্ল্ডের সন্ত্রাসীর নেটওয়ার্ক, হাসিনার ফ্রাংকেনস্টাইন, রাজনীতিকদের ডিগবাজি, সংসদ আমলা ব্যবসায়ীদের হাতে বেদখল, স্বরাষ্ট্রমন্ত্রী আলতাফ চৌধুরীর ব্যর্থতার কাব্যমালা, জামালের মৃত্যু। সাপ্তাহিক ২০০০ তরুণ সাংবাদিকদের প্রতিটি জাতীয় ইস্যুতে সত্য উদ্‌ঘাটনে শক্তভাবে কলম ধরেছে। নানা প্রতিকূলতার মধ্যেও প্রকাশ করেছে অনুসন্ধানী প্রতিবেদন। তাই দেশে ক্রম অবনতিশীল পরিস্থিতিতে সাপ্তাহিক ২০০০ হয়ে উঠেছে জাতির কাছে সাহসী ঠিকানা। এ কারণে স্যাটেলাইটের চোখ ধাঁধানো অনুষ্ঠান ও দৈনিক পত্রিকার জৌলুসের মাঝেও সাপ্তাহিক ২০০০ থাকছে আলোচনার কেন্দ্রে। তুলছে বাড়। প্রতিটি ইস্যুতে দৈনিকের খুটখাট নয়, আঘাত হানছে জোরালোভাবে।

সমাজে সর্বস্তরে হতাশার মাঝেও সাপ্তাহিক ২০০০ জুলিয়েছে আশার আলো। এ বছর শিশুদের মানসিক বিকাশের স্বার্থে নিডোর সহযোগিতায় আয়োজন করেছে 'গল্প লেখো, গল্প জেতো' পুরস্কার। ফিলিপ্সের সহযোগিতায় গল্প লেখা প্রতিযোগিতা। খুঁজেছে নতুন প্রতিভা। প্রতিটি প্রতিযোগিতায় পড়েছে অভাবনীয় সাড়া।

এ বছর প্রথম অনুষ্ঠিত হতে যাচ্ছে এশিয়ায় বিশ্বকাপ। ফ্রান্স ও সেনেগালের ৩১ মে খেলার মধ্যে দিয়ে শুরু হবে মাসব্যাপী বিশ্বের সবচেয়ে জমকালো প্রতিযোগিতা। এ বছর চূড়ান্ত পর্বে ৩২টি দেশ অংশ নিচ্ছে। বিশ্বকাপ জুড়ে এখন ভুগছে সারা বিশ্ব। এ দেশের মানুষ। চায়ের টেবিল, ক্লাব, রেস্তোরাঁ, শিক্ষা প্রতিষ্ঠান সর্বত্র সরগরম বিশ্বকাপের আলোচনায়। আগামী ৩০ জুনের ফাইনালে কারা খেলবে। কারা ছিনিয়ে নেবে বিজয় মুকুট। মূলত বিশ্বকাপ জাতি ধর্ম বর্ণ নির্বিশেষে বিক্ষুব্ধ পৃথিবীকে কেন্দ্রীভূত করে ফেলেছে। দেশবাসীর আবেগের সঙ্গে একাত্মতা প্রকাশ করে সাপ্তাহিক ২০০০ আয়োজন করেছে বিশেষ কুইজ। লাখ টাকার পুরস্কার।

